

শ্রীমঙ্গল উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির জুলাই-আগস্ট/২১ সভার কার্যবিবরণীঃ

তারিখ : ২৫/০৭/২০২১ ইং।

সময় : ১১.৩০ মিনিট।

সভার স্থানঃ সভাপতির অফিস রুম, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভাপতি : প্রেম সাগর হাজারা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের স্বাক্ষরের ক্রমানুসারে নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন পরিবর্তন বা সংশোধনী না থাকায় দৃষ্টীকরণ করা হয়। অতঃপর সভাপতি অত্র কমিটির সদস্য সচিব কে সভার বিষয় বস্তু সম্পর্কে আলোচনার জন্য অনুরোধ জানান। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার সভার বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন। যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো।

০১। বিভাগীয় কার্যক্রম :

সভার শুরুতে সদস্য সচিব তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে জানান, করোনা কালীন সময়েও শ্রীমঙ্গল উপজেলার স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা বেষ সন্তোষজনক। হাসপাতাল, কমিউনিটি ক্লিনিক ও ইপিআই কার্যক্রম সুন্দর ভাবে চলছে। সেই সাথে সন্দেহজনক টিবি রোগী সনাক্তকরণ, রোগ নির্ণয়, চিকিৎসা ও পরামর্শ প্রদান অত্যন্ত সফলতার সাথে শ্রীমঙ্গল উপজেলায় সম্পন্ন হয়ে আসছে। তিনি আরও জানান যে, উপজেলায় কমিউনিটি ক্লিনিক থেকে সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা অনবরত বাড়ছে। সেই সাথে সেবার মান বৃদ্ধি পাচ্ছে ও নরমাল ডেলিভারী কার্যক্রম অব্যাহত আছে। সভাপতি মহোদয়, উক্ত কার্যক্রমের সার্বিক সন্তোষ প্রকাশ করেন।

০২। ইউজিডিপি প্রকল্পে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প ও অবকাঠামোগত উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণ :

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, শ্রীমঙ্গল, সভায় বলেন যে, উপজেলা পরিষদ থেকে ইউজিডিপি প্রকল্পের জন্য সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প ও অবকাঠামোগত উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণের জন্য চিঠি দেওয়া হয়েছে। তদুপেক্ষিতে উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ থেকে "কোভিড-১৯ প্রতিরোধে চা বাগানের শ্রমজীবী শ্রমিকদের গর্ভকালীন পরিচর্যা, নিরাপদ মাতৃত্ব, মা ও শিশু মৃত্যু রোধ ও স্বাস্থ্য সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ" নামক একটি প্রশিক্ষণ ও অবকাঠামোগত উন্নয়ন-এর জন্য কোভিড-১৯ মহামারী মোকাবেলার জন্য শ্রীমঙ্গল উপজেলার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্ট্রাল অক্সিজেন সিস্টেম স্থাপন নামক একটি অবকাঠামোগত উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা প্রনয়ন করে উপজেলায় দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার বরাবর পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। বিবিধ :

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(প্রেম সাগর হাজারা)





ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

স্বাস্থ্য ও পঃ পঃ বিষয়ক স্থায়ী কমিটি
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

শ্রীমঙ্গল উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পঃ পঃ বিষয়ক কমিটির সদস্য বৃন্দের উপস্থিতির তালিকা

ক্রমিক নং	নাম / পদবী	মোবাবইল নং	স্বাক্ষর
০১।	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল		
০২।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শ্রীমঙ্গল		
০৩।	চেয়ারম্যান, সাঁতগাও ইউনিয়ন পরিষদ		
০৪।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), শ্রীমঙ্গল		
০৫।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, শ্রীমঙ্গল		